ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রক দফতর
www.iau.edu.bdiau.exam@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং: ইআবি/প.নি/সনদ-প্রত্যয়ন/৩০/২০১৯/২৬৬২ (ক) তারিখ: ২২/০১/২০২৩ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত বিভিন্ন একাডেমিক প্রোগ্রামের চূড়ান্ত পরীক্ষায় যারা কৃতকার্য হয়েছেন তাদের মধ্যে সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। চাকুরী, উচ্চ শিক্ষাসহ বিশেষ প্রয়োজনে সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট উত্তোলনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলীর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে:

১. সাময়িক সনদ উত্তোলনের জন্য নির্ধারিত আবেদনপত্র (**বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের ফরম ডাউনলোড অপশনে পাওয়া যাবে**) নিজ হাতে পূরণ করতে হবে এবং আবেদনপত্রে বর্ণিত নির্দেশনাবলী অনুসরন করতে হবে।

২. আবেদনপত্রে শিক্ষার্থীর ছবি লাগানোর স্থানে সাম্প্রতিককালে তোলা ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে। অত:পর ছবির উপর সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ এমনভাবে স্বাক্ষর ও সীলমোহর প্রদান করবেন যেন তার কিছু অংশ শিক্ষার্থীর ছবির উপর থাকে।

৩. আবেদনপত্রের সাথে অবশ্যই রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, সম্মিলিত অনলাইন নম্বরপত্র(Combined Grade Sheet) এবং জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধনের ফটোকপি জমা দিতে হবে। এক্ষেত্রে সকল কাগজপত্র অবশ্যই মাদরাসার অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত হতে হবে।

৪. সাময়িক সনদ উত্তোলনের জন্য নির্ধারিত ফি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের পেমেন্ট অপশনে বিদ্যমান নির্ধারিত ডিপোজিট স্লীপের মাধ্যমে অগ্রণী ব্যাংকের যে কোন শাখায় জমা দেওয়া যাবে।

৫. সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের সময় মূল প্রবেশপত্র এবং রেজিস্ট্রেশন কার্ড অবশ্যই প্রদর্শন করতে হবে নতুবা সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে না।

৬. ক) সাময়িক সনদ এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট উত্তোলনে আগ্রহী শিক্ষার্থীদেরকে প্রতিদিন সকাল ৯.০০ থেকে ১১.০০ ঘটিকার মধ্যে সনদ শাখায় আবেদন দাখিল করতে হবে।
খ) প্রতি কর্মদিবসে সাময়িক সনদ এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ করা হবে।
গ) আবেদন পত্র নির্ধারিত সময়ে দাখিলের পর তা যাচাই বাচাই করে প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করে পরবর্তী দ্বিতীয় কর্মদিবস থেকে দুপুর ২.৩০ থেকে ৪.০০ ঘটিকার মধ্যে সাময়িক সনদ এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ করা হবে।

৭. আবেদনকারী শিক্ষার্থী কেবল নিজের সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট উত্তোলন করতে পারবে, বিশেষ কারণে শিক্ষার্থীর অনুপস্থিতিতে অন্য কেউ শিক্ষার্থীর পক্ষে সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট উত্তোলন করতে হলে অবশ্যই সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মাদরাসার নিজস্ব প্যাডে প্রদত্ত ক্ষমতা অর্পণ পত্র নিয়ে আসতে হবে। উক্ত ক্ষমতা অর্পণপত্রে অবশ্যই গ্রহণকারী ব্যক্তির ছবি ও স্বাক্ষর সংশ্লিষ্ট মাদারাসার অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত থাকাসহ শিক্ষার্থীর সাথে তার সম্পর্ক উল্লেখ থাকতে হবে।

22.01.23
(প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ)
ভাইস-চ্যান্সেলর (দায়িত্বপ্রাপ্ত)
ও
পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
ই-মেইল: iau.exam@gmail.com

স্মারক নং: ইআবি/প.নি/সনদ-প্রত্যয়ন/৩০/২০১৯/২৬৬২ (ক) তারিখ: ২২/০১/২০২৩ খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. মাদরাসা পরিদর্শন দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. উপাচার্যের একান্ত সচিব (মাননীয় উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. উপ-উপাচার্যের একান্ত সচিব (মাননীয় উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. ট্রেজারারের ব্যক্তিগত কর্মকর্তা ( ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. অধ্যক্ষ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধীভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসা।
৯. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
১০. অফিস নথি ।

২২/১/২০২৩
(মোঃ জিয়াউর রহমান)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক ( অতিঃ দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
## ঢাকা

মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি

টাকার পরিমাণ :
ব্যাংক রশিদ নং :
তারিখ :

☐ সাময়িক সনদ ☐ একাডেমিক ট্রান্সক্রিপ্ট
**এর জন্য আবেদনপত্র**

☐ ফাজিল (স্নাতক) পাস ☐ ফাজিল (স্নাতক) অনার্স ☐ কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদী ☐ কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী)-২০...

**আবেদনপত্র স্বহস্তে পূরণ করে প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড, ওয়েবসাইট থেকে প্রাপ্ত ফলাফলের সম্মিলিত গ্রেড শীট (Combined Grade Sheet), জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ-এর ফটোকপি ও রঙিন ছবি সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে পরীক্ষা নিয়ন্ত্রক দফতরের সনদ শাখায় দাখিল করতে হবে। নিম্নের অনুচ্ছেদগুলো রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র অনুযায়ী ইংরেজিতে পূরণ করতে হবে ।**

১। আবেদনকারীর নাম : (ক) বাংলা.................................................................

(খ) ইংরেজিতে (বড় অক্ষরে): .................................................................

২। পিতার নাম : .................................................................পিতার মোবাইল নং:.......................................

৩। মাতার নাম : .................................................................

৪। স্থায়ী ঠিকানা : .................................................................

৫। পরীক্ষার নাম : ................................................................. পাশের সন :.......................

৬। গ্রুপ/বিষয়ের নাম: .................................................................

৭। মাদরাসার নাম : .................................................................মাদরাসা কোড(EIIN):.......................

৮। পরীক্ষা কেন্দ্রের নাম : .................................................................পরীক্ষা কেন্দ্র কোড:.......................

৯। রেজিস্ট্রেশন নম্বর : .................................................................শিক্ষাবর্ষ:.......................

১০। পরীক্ষার ফলাফল : .................................................................ফল প্রকাশের তারিখ : .......................

১১। জাতীয় পরিচয়পত্র নম্বর : .................................................................

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ : .......................

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

পূর্ণনাম : .................................................................

মোবাইল নং:.................................................................

সার্টিফিকেট বুঝিয়া পাইলাম

গ্রহণকারীর স্বাক্ষর ও তারিখ

বিশেষ দ্রষ্টব্য :

১. সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহনের সময় মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র অবশ্যই দেখাতে হবে।

২. মূল সনদ গ্রহণের সময় অবশ্যই সাময়িক সনদ ফেরত দিতে হবে।।

৩. মান উন্নয়ন হলে পূর্বের সাময়িক সনদ ও নম্বরপত্র আবেদন ফরমের সাথে জমা দিতে হবে (পূর্বের সাময়িক সনদ ও নম্বরপত্র গ্রহণ না করে থাকলে আবেদন পত্রের খালি অংশে তা লিখে দিতে হবে)।

৪. আবেদনপত্রের ছবির স্থানে মাদ্রাসার অধ্যক্ষ এমনভাবে স্বাক্ষর ও সীল প্রদান করবেন যেন স্বাক্ষর ও সীল মোহরের কিছু অংশ ছবির উপরে থাকে।

৫. দ্বিনকল/ ত্রিনকল মূল সনদ/ সাময়িক সনদ/ একাডেমিক ট্রান্সক্রিপ্টের জন্য 'জাতীয় দৈনিক পত্রিকায়' হারানো বিজ্ঞপ্তিসহ নিকটস্থ থানায় জিডি ও সংশ্লিষ্ট অধ্যক্ষের সুপারিশসহ পৃথকভাবে আবেদন করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের সাথে জিডির মেইন কপি ও পত্রিকাটি জমা দিতে হবে। সনদের উপর দ্বি-নকল/ত্রি-নকল সীল মুদ্রিত থাকবে।

৬. নাম সংশোধনের / সংযোজনের ক্ষেত্রে :
* নোটারী পাবলিক কর্তৃক এফিডেভিট, জাতীয় দৈনিক পত্রিকার বিজ্ঞপ্তি, থানায় জিডির কপি, দাখিল ও আলিম পরীক্ষার মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৭. ফি-: সাময়িক সনদ - ২৫০ (দুইশত পঞ্চাশ) টাকা, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি- ২০০ (দুইশত টাকা) ।

**বি:দ্র: চূড়ান্ত পরীক্ষায় কৃতকার্য পরীক্ষার্থীদের কেবল সাময়িক সনদ ফি বাবদ- ২৫০ (দুইশত পঞ্চাশ) টাকা জমা দিতে হবে। একাডেমিক ট্রান্সক্রিপ্ট বাবদ ইতিপূর্বে ফরম ফিলাপের সময় ফি জমা নেওয়া হয়েছে বিধায় পূণরায় ফি জমা দেওয়ার প্রয়োজন নেই।**

৮. আবেদন ফি- এর টাকা সরাসরি **অগ্রণী ব্যাংক লি: এর হিসাব নম্বর(অনলাইন)- ০২০০০০৯০৮২৩৪১ (ইআবি পরীক্ষা ফান্ড)** সাতমসজিদ রোড শাখা, ঢাকা, এর বরাবর জমা দিতে হবে।

৯. সকল প্রকার সাময়িক সনদ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট উত্তোলনের ক্ষেত্রে এ আবেদনপত্র ব্যবহার করা যাবে। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র প্রার্থী কর্তৃক সংশোধন না করা পর্যন্ত সাময়িক সনদ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট দেওয়া হবে না ।

১০. সংশ্লিষ্ট মাদরাসা অধ্যক্ষের সুপারিশ ব্যতিত পরীক্ষার্থীর অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তির নিকট সনদপত্র প্রদানের কোন প্রকার **"ক্ষমতা অর্পনপত্র"** গ্রহনযোগ্য হবে না।

পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
ঢাকা।